গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd

১৪ ফাল্গুন, ১৪২১

নম্বর-০৫.০০.০০০০.১৩৭.১৮.০২৩.১৩-১০৩ তারিখ:----------------------

২৬ ফেব্রুয়ারি, ২০১৫

বিষয়: প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৫-এ অংশগ্রহণেচ্ছু প্রার্থীদের আবেদন পত্র প্রেরণ।

সূত্র: বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্র নম্বর-১৮, তারিখ: ১২/০২/২০১৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ২৬ ফেব্রুয়ারি, ২০১৫ থেকে ২৯ মার্চ, ২০১৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনপত্রের 'প্রিন্টেড কপি' এবং সংশ্লিষ্ট কাগজপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে আগামী ১২ এপ্রিল, ২০১৫ তারিখের মধ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাঁর অধীনস্থ কর্মকর্তাদের আবেদন পত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র **আগামী ০২ এপ্রিল, ২০১৫ তারিখের মধ্যে** বিশেষ বাহক মারফত জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৫ সংক্রান্ত বিজ্ঞপ্তি ০১ (এক) পাতা।

খালেদা আখতার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৫৫৯
sasfa1@mopa.gov.bd

১। কমিশনার, ...।
২। জেলা প্রশাসক, ...।

অনুলিপি:

১। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৫ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা১২০৭।
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০৩৯.০০.০১.১ম.২০১৫/১৭ তারিখঃ ১২/০২/২০১৫খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৫ খ্রিঃ গ্রহণ প্রসঙ্গে।

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাগণের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৫ খ্রিঃ সালের জুন মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় Online-এ আবেদনপত্র (soft copy) পূরণ ও দাখিল করা **আগামী ২৬ ফেব্রুয়ারি দুপুর ১২.০০ঘটিকা থেকে শুরু হবে এবং ২৯ মার্চ ২০১৫ খ্রিঃ তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে নির্ভুলভাবে দাখিল করতে হবে।** উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণের Online-এ আবেদনপত্র দাখিলের পর পূর্বের ন্যায় দাখিলকৃত আবেদনপত্রে যাবতীয় তথ্যসংবলিত শুধুমাত্র প্রিন্টেড কপি (hard copy) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পৌঁছাতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় মাধ্যমে প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা/২০১৫ খ্রিঃ এর আবেদনপত্রসমূহ (hard copy, ম্যানুয়ালি) **আগামী ১২ এপ্রিল, ২০১৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে** অবশ্যই কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। **উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণ ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি পিএসসিতে পাঠানোর কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।**

২। আবেদনপত্রের Online form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (hard copy) আবেদনকারী এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। **উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে।** প্রেরিত আবদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ক্রটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ক্রটিযুক্ত বা ভুল তথ্য সংবলিত আবদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর ঊর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/ দৃষ্টি পুনরায় আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত Online-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।

৩। **Online-এ BPSC Form-8 পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ-**

প্রার্থীকে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ওয়েব সাইট website: www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন (Form) পূরণ করে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ওয়েবসাইটটি ওপেন করলে প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৫ খ্রিঃ এর বাটনে Click করলে Notice, Instructions for Submitting Application, BPSC Form-8: eRegistration Form এর Link দৃশ্যমান হবে। Noticeএর Link ক্লিক করলে প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন/২০১৫ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেওয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগণ Instruction for submitting Application -এ click করে Instruction অংশটি ভাল করে পড়বেন। BPSC Form-8 এর ৪(চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: Others ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলি রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং BPSC Form-8 এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য নির্দেশনা অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের National ID card এর নম্বর, ছবি{ইমেজ ৩০০×৩০০ পিক্সেল (Pixels) ফাইল সাইজ ১০০ কেবি এর নীচে} এবং স্বাক্ষর{ইমেজ ৩০০×৮০ পিক্সেল (Pixels),ফাইল সাইজ ৬০ কেবি এর নীচে}প্রয়োজন হবে।

৪। প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক Online-এর নির্ধারিত ফর্মে Online-এ আবেদন করতে হবে। Online-এ আবেদনপত্রের প্রিন্টেড কপি (hard copy) ব্যতীত অন্য ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রে আবেদন করলে সেক্ষেত্রে বাতিল বলে গণ্য হবে।

৫। Website এ Online এর Application করার Details নির্দেশাবলি দেওয়া আছে

৬। যোগ্য এবং অযোগ্য প্রার্থীদের তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীদের পরীক্ষার প্রবেশপত্র পরবর্তী সময়ে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে সংগ্রহ করতে হবে। **Online-এ আবেদনপত্র ফরম পূরণে কোন সমস্যা হলে E-mail: bpscsupport@promiti.com.যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

১২/০২/১৫
(প্রিয় জ্যোতি খীসা)
পরিচালক(যুগ্ম-সচিব)